

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৩

তারিখ: ৪ বৈশাখ ১৪৩০

১৭ এপ্রিল ২০২৩


বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৭৪৯/২০২৩, ৮২৩/২০২৩, ৯৩৫/২০২৩ এবং ১৪৬২৮/২০২২) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ নিয়োগ বাতিলকরণ/সহোদর কোর্টায় বিদ্যালয়ে সন্তান ভর্তি/বেতন-ভাতাসহ উৎসব ভাতা না পাওয়ায় উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	৭৪৯/২০২৩	পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন "বকুল বাড়িয়া ইউনিয়ন কলেজ" এর অধ্যক্ষ জনাব রেজিনা সুলতানার নিয়োগ বাতিলকরণ।	জনাব রেজিনা সুলতানা, অধ্যক্ষ, বকুলবাড়িয়া ইউনিয়ন কলেজ, গলাচিপা, পটুয়াখালী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৬ (ছয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	৮২৩/২০২৩	সহোদর কোর্টায় বিদ্যালয়ে সন্তান ভর্তি সংক্রান্ত।	অ্যাডভোকেট জাকির হোসেন মুন্সি (পিতা-জাইন ইবনে তাসফিন হোসেন মুন্সি), নিউ মার্কেট, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৭ (সাত) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩	৯৩৫/২০২৩	বেতন-ভাতাসহ উৎসব ভাতা না পাওয়ায় উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব মো. রেজাউর রহমান, প্রভাষক, সিভিল চরারহাট শহিদ স্মৃতি কলেজ, নবাবগঞ্জ, দিনাজপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ১১ (এগারো) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪	১৪৬২৮/২০২২	জনাব অর্পণ কান্তি ব্যানার্জি, প্রভাষক (রসায়ন), রাউজান সরকারি কলেজ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।	জনাব অর্পণ কান্তি ব্যানার্জি, প্রভাষক (রসায়ন), রাউজান সরকারি কলেজ, চট্টগ্রাম।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ১০ (দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৪৯/২০২৩, ৮২৩/২০২৩, ৯৩৫/২০২৩ এবং ১৪৬২৮/২০২২ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৭-৪-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৩/১(৩)

তারিখ: ৪ বৈশাখ ১৪৩০

১৭ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১৭-৪-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব